



জাতীয় বিশ্ববিদ্যালয়  
গাজীপুর, বাংলাদেশ  
ওয়েবসাইট: www.nu.ac.bd

পরিচালকের কার্যালয়  
জনসংযোগ দফতর  
ফোন : ০২ ৯২৯১০৩৬, ফ্যাক্স: ০২ ৯২৯১০৫০  
Mail: pr@nu.edu.bd

তারিখ: ২৫ জুলাই, ২০২১

সংবাদ বিজ্ঞপ্তি

## জাতীয় বিশ্ববিদ্যালয়ে প্রথম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির আবেদন শুরু ২৮ জুলাই

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ১ম বর্ষ স্নাতক (সম্মান) শ্রেণিতে ভর্তির অনলাইন প্রাথমিক আবেদন শুরু হবে ২৮ জুলাই বিকাল ৪টা থেকে। আর চলবে ১৪ আগস্ট রাত ১২ টা পর্যন্ত। ১ম বর্ষে ভর্তিকৃত শিক্ষার্থীদের অনলাইন ক্লাশ শুরু হবে ১৫ সেপ্টেম্বর ২০২১ তারিখ থেকে।

আগ্রহী প্রার্থীকে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইট থেকে আবেদন ফরম পূরণ করতে হবে। প্রাথমিক আবেদন ফি কলেজ কর্তৃক নির্ধারিত মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ১৬ আগস্টের মধ্যে অবশ্যই জমা দিতে হবে। এ সংক্রান্ত বিস্তারিত তথ্য পাওয়া যাবে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটে ([www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions))।

গত ১২ জুলাই ২০২০-২০২১ শিক্ষাবর্ষের ভর্তি কমিটির সভায় এ সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় সভাপতিত্ব করেন জাতীয় বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য প্রফেসর ড. মো. মশিউর রহমান। সভায় করোনাকালীন সেশনজট কমিয়ে আনার বিষয়ে গুরুত্বারোপ করেন উপাচার্য। তিনি শিক্ষার্থীদের দুর্ভোগ লাঘবে দ্রুত বিশেষ একাডেমিক ক্যালেন্ডার প্রণয়নের ব্যাপারেও নির্দেশনা প্রদান করেন।

**উল্লেখ্য, সংশ্লিষ্ট সকলকে কোভিড-১৯ মহামারি সম্পর্কিত সকল স্বাস্থ্যবিধি মেনে এ ভর্তি কার্যক্রম অনলাইনে সম্পন্ন করার জন্য বলা হয়েছে।**

মোঃ ফয়জুল করিম  
পরিচালক (ভারপ্রাপ্ত)  
জনসংযোগ দফতর  
জাতীয় বিশ্ববিদ্যালয়।